

এখনও অনেক পাপ বাকি

হাতে একটা থলে তাতে দশ কিলো পাপ--  
কী কলে মাপলাম - জানতে চান?  
মাপলাম মোচার খোলায়  
ইচ্ছে হলে বিনুকেও মাপা যেত ঠিকই  
দশ বিশ কিলো পাপ ছোটো বিনুকেও মাপা যায়।

হাতে একটা থলে তাতে দশ কিলো পাপ  
যাব কুড়ি কি. মি.  
কী করে এতটা পথ যাব-- জানতে চান?  
এভাবেই বছবার গেছি তবু একটুও ঘামিনি  
দশ বিশ কিলো পাপ নেওয়া যায় জামার পকেটে।

হাতের থলেতে পাপ -- নানান রঙের পাপ  
লাল নীল সবুজ হলুদ  
নানান স্বাদের পাপ - তেতো মিষ্টি টক ঝাল নোনা  
দিনে ও রাত্তিরে করা-- উষা ও গোধূলি লগ্নে করা  
বোকা ও তালাক পাপ - বোবা ও বাচাল পাপ.....  
এত পাপ - তবু  
অনেক পাপের সঙ্গে এখনও হয়নি দেখাশোনা।

রক্তের হাজারা

